Question Bank, Class-10

2018-19

Bengali 2nd language

অনুচ্ছেদ –

১। প্রাকৃতিক সম্পদের অপব্যবহার ও তার প্রতিরোধের উপায়।

২। খাদ্যে ভেজাল।

৩। মাতৃভাষার গুরুত্ব।

৪। শিষ্টাচার ও সৌজন্যবোধ।

৫। মোবাইল ফোনের সুফল ও কুফল।

৬। মানুষের সবচেয়ে বড় বন্ধু পরিবেশ।

৭। শপিং মল বনাম পাড়ার ছোটো দোকান।

৮। কুসংস্কারমুক্ত মন তৈরি করাই শিক্ষার মূল লক্ষ্য।

পত্র লিখন-

১। টিভিতে যে সব সিরিয়াল হয় তা না দেখে কী ধরণের অনুষ্ঠান দেখা উচিৎ পরামর্শ দিয়ে ছোটো বোনকে পত্র লেখ।

২। পথ দুর্ঘটনা এড়াতে কী কী নিয়ম মেনে চলা দরকার তা আলোচনা করে সদ্য লাইসেন্স পাওয়া দাদাকে চিঠি লেখ।

৩। মুর্শিদাবাদে তোমার মাসির বাড়ি যেতে চাও, এবং কয়েকদিন থেকে সেখানের ঐতিহাসিক দ্রষ্টব্য স্থানগুলি ঘুরে দেখতে চাও। সঙ্গে থাকবে তোমার এক প্রিয় বন্ধু। অনুমতি চেয়ে মাসিকে একটি চিঠি লেখ।

৪। যে কোনো সৃষ্টিমূলক কাজে পড়াশোনা ও কল্পনার সঠিক মেলবন্ধনের গুরুত্ব আলোচনা কর সদ্য পড়া একটি গল্পের বইয়ের ওপর ভিত্তি করে – বন্ধুকে একটি চঠি লেখ।

৫। জীবনে উৎসব আনন্দ দরকার, কিন্তু অনর্থক আতিশয্য এবং খরচ আর জাঁকজমক বর্জন করে- এ বিষয়ে আলোচনা করে বন্ধুকে একটি চিঠি লেখ।

সাহিত্য (গদ্য) –

১। "লেখার প্রকৃত মূল্য বুঝলে নতুন মেসোই বুঝবে। রত্নের মূল্য জহুরীর কাছেই।"

(ক) কার ভাবনা? (খ) রত্ন কোনটি আর জহুরি কে? (গ) লেখার মূল্য নতুন মেসোই বুঝবেন কেন?

২। "পৃথিবীতে এমন অলৌকিক ঘটনাও ঘটে।"

(ক) কার লেখা কোন গল্পের অংশ? (খ) অলৌকিক ঘটনা কাকে বলে? (গ) এখানে কোন ঘটনাকে অলৌকিক বলা হয়েছে?

৩। "ছোটমাসি আত্মপ্রসাদের প্রসন্নতা নিয়ে বসে বসে ডিমভাজা আর চা খায়। মেসো শুধু কফি।"

(ক) ছোটোমাসির আত্মপ্রসাদের কারণ কী? (খ) মেসো কফি খাওয়া ছাড়া আর কী করেন? (গ)তাঁরা কোথায় বসেছিলেন?

৪। "এর প্রত্যেকটি লাইন আনকোরা।"

(ক) কার লেখা কোন গল্পের অংশ? (খ) কোন লেখা সম্বন্ধে এই উক্তি? (গ) প্রত্যেকটা লাইন নতুন কেন?

৫। "মাসখানেক পরেই কিন্তু চাকরিটা গেল তাঁর।"

(ক) কার কথা বলা হয়েছে? (খ) কীসের চাকরি? (গ) তাঁর চাকরিটা গেল কেন?

৬। "সেই দিনই প্রথম দেখলাম তাঁকে।"

(ক) কাকে দেখার কথা বলা হয়েছে? (খ) তাঁর চেহারা আর বেশভূষার বর্ণনা দাও। (গ) কবে কোথায় প্রথম দেখা?

৭।" সেবা করতে বড় ভালোবাসে।"

(ক) কার সম্বন্ধে এই উক্তি? (খ) কাদের সেবা করতে তিনি ভালোবাসতেন? (গ) তাঁর সেবার দুটি নমুনা দাও।

৮। "আলোবাবু এখন পাগলাগারদে আছেন।"

(ক) আলোবাবু কে? (খ) আগে তিনি কোথায় ছিলেন? (গ) তাঁর পাগলাগারদে স্থান হবার কারণ কী?

৯। "আচ্ছা , তুমি এখন যেতে পার মহাপাত্র।"

(ক) কে একথা বলেছে? (খ) মহাপাত্র কে? (গ) তাকে কোথা থেকে যেতে বলা হয়েছে এবং কেন?

১০। "অপূর্ব তাহার পরিচ্ছদের প্রতি দৃষ্টিপাত করিয়া মুখ ফিরাইয়া হাসি গোপন করিল।"

(ক) কার কথা বলা হয়েছে? (খ) তার পরিচ্ছদের বর্ণনা দাও। (গ) অপূর্বর হাসি পেইয়েছিল কেন?

১১। "এমন তো নিত্য-নিয়তই ঘটবে।"

(ক) কার উক্তি? (খ) কোন ঘটনার কথা বলা হয়েছে? (গ) এরকম ঘটার কারণ কী?

(কবিতা)

১২। "আয় আরো বেঁধে বেঁধে থাকি।"

(ক) কারা বেঁধে বেঁধে থাকবে? (খ) বেঁধে থাকার অর্থ কী? (গ) বেঁধে বেঁধে থাকার প্রয়োজনীয়তা কেন?

১৩। "আমাদের পথ নেই কোনো

আমাদের ঘর গেছে উড়ে।"

(ক) কার লেখা কোন কবিতার অংশ? (খ) কবি কোন প্রসঙ্গে এ কথা বলেছেন? (গ) এই অবস্থায় কবি কী পরামর্শ দিয়েছেন?

১৪। "শোনে কোরানের সুরাহর সঙ্গে

উপনিষদের মন্ত্র

সকালে প্রভাতফেরির সঙ্গে ভোরের আজান

একাকারে মিলিয়ে যাচ্ছে।"

(ক) কার লেখা কোন কবিতা? (খ) এই অংশে যে দুই বিপরীত চিত্র আঁকা হয়েছে তার তাৎপর্য কী?

১৫। "হাওয়াবিলাসী তিনজোড়া চোখ আটকে গেল ফ্রেমে।"

(ক) কার লেখা কোন কবিতার অংশ? (খ) হাওয়াবিলাসী শব্দটির অর্থ কী? (গ) তিনজোড়া চোখ কোন ফ্রেমে আটকে গেল?

১৬। "পুব আকাশে আস্তে ধীরে আলোর ঘোমটা খোলে।"

(ক) আলোর ঘোমটা খোলার মানে কী? (খ) কোথায় আলোর ঘোমটা খুলছে ও কখন? (গ) আলোর ঘোমটা খোলার সঙ্গে সঙ্গে কী ঘটে?

১৭। প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যাঃ-

(ক) "সহজ করে বাঁচা কি আর খাঁচাতে সম্ভব?"

(খ) বনভূমির ওপারে কোন মনোভূমির দ'য়

ফুসুর ফাসুর, ঘুসুর ঘাসুর স্বপ্নে কথা হয়।"

(গ) "এমন একটি দেশে আসলে সক্কলে পথ হারায়।"

(ঘ) "আমাদের পথ নেই আর

আয় আরো বেঁধে বেঁধে থাকি।"

(ঙ) "আমরা ভিখারী বারোমাস।"

(চ) "তোমার পানি আর আমার জল জীবনের জন্য

একসঙ্গে একাকারে ভরে নি।"

(ছ) জগৎজোড়া সুখ আর দুনিয়াজোড়া শান্তির জন্যে

একাসনে একাকারে প্রার্থনা করছেন।"

১৮। M.C.Q.

(ক) অবিনাশবাবু একজন – ডাক্তার/ নামজাদা উকিল/ সিভিল সার্জেন।

(খ)"স্নেহের কাঙাল বেচারা।" – কে?

আলোবাবুর কুকুরটা / অবিনাশবাবুর ছেলে / আলোবাবু।

(গ) "সূচীপত্রেও নাম রয়েছে"-

প্রথম দিন (গল্প) শ্রীতপন রায় / প্রথম আলো (গল্প) শ্রীতপন রায়/ প্রথম দিন(গল্প) শ্রীতপন কুমার রায়

(ঘ) ছোটোমাসি কী নিয়ে বসে চা আর ডিমভাজা খায়?

আত্মপ্রসাদের হাসি/ কাপপ্লেট / গল্পের বই।

(ঙ) গিরিশ মহাপাত্রের চুড়িদার পাঞ্জাবী কী রঙের?

নীল / রামধনু / সোনালি।

(চ) রামদাসের মতে পুলিশের কাজ কী?

প্রকৃত অপরাধীকে ধরা / বুনো হাঁস ধরা / কোনো কাজ না করা।

(রাজকাহিনি)

১৯। “মনে মনে ভাবতেন, যদি একটি সঙ্গী পাই”

(ক) কে একথা ভাবতেন? (খ) কেন তিনি এ কথা ভাবতেন? (গ) শেষ পর্যন্ত তিনি কেমন সঙ্গী পান?

২০। “সমস্ত জ্বালাযন্ত্রণা থেকে মুক্ত হয়র আজই তোমার চরণতলে আমার মরণ হোক!”

(ক) কার উক্তি? (খ) কোন জ্বালা যন্ত্রণার কথা তিনি বলেছেন? (গ) কী ভাবে তাঁর মনোবাসনা পূর্ণ হয়?

২১। “সূর্যের বরপুত্র শিলাদিত্য অস্ত গেলেন।”

(ক) বরপুত্র মানে কী? (খ) শিলাদিত্যকে সূর্যের বরপুত্র বলা হয়েছে কেন? (গ) কীভাবে তিনি অস্ত গেলেন?

২২। “সন্ন্যাসিনী রানীর কোলে অন্ধকার গুহায় রাজপুত্রের জন্ম হল।”

(ক) সন্ন্যাসিনী রানী কে? (খ) রাজপুত্রের নাম কী? (গ) কেন এভাবে রাজপুত্রের জন্ম হল?

২৩। “কিন্তু হায়, রাজার ঘর চিরদিন অন্ধকার, চিরকাল শূন্য ছিল।”

(ক) কোন রাজা? (খ) রাজার ঘর চিরদিন অন্ধকার আর শূন্য ছিল কেন? (গ) কী ভাবে রাজা তা পূর্ণ করার চেষ্টা করেন?

২৪। “ধন্য গোহ! ধন্য তার ভালোবাসা!”

(ক) গোহ কে? (খ) কে এমন ভেবেছিল? (গ) তাঁর এমন ভাবার কারণ কী?

২৫। (সংক্ষিপ্ত উত্তর)

(ক) শিলাদিত্য কোন দেশের রাজা?

(খ) ভেঙে যাওয়া সূরযমন্দিরটিকে শিলাদিত্য কী রূপ দিয়েছিলেন?

(গ) সুভাগা কোথা থেকে বল্লভীপুরে এসেছিলেন?

(ঘ) চাঁদের আলো গায়েবীর মাথা থেকে ধীরে ধীরে সরে যাওয়ায় সুভাগা কী ইঙ্গিত পেয়েছিলেন?

(ঙ) দেবতার বরে কী হয় না?

(চ) পারদেরা কোন দেশ থেকে এসেছিল?

(ছ) সূর্যদেবের রথটির নাম কী ছিল?

(জ) পুষ্পবতী কোন দেশের রাজকন্যা?

(ঝ) কোন পাহাড়ের গায়ে চন্দ্রাবতীর রাজপ্রাসাদখানি?

(ঞ) মহারাজের চিঠি এলে রানি পুষ্পবতী একটি রাখাল বালককে কী উপহার দিয়েছিলেন?

(ট) বিন্ধ্য পর্বতের শিখরে কোন দেবীর মন্দির?

(ঠ) মহারাজের জন্যে রানি একটি চাদরে কীসের ছবি আঁকছিলেন?

(ড) গোহের জন্ম কোথায় হয়েছিল?

(ঢ) ভীলরাজার রাজপ্রাসাদটি কেমন ছিল?

(ণ) রাজপুত সৈন্য কেন ভেবেছিল যে গোহই তার আশ্রয়দাতা বুড়ো মাণ্ডলিককে গোহই হত্যা করেছিলেন?

(ত) রাজা মাণ্ডলিকের ছোটো ভাই কোথা থেকে ফিরে এসেছিল?